১৮৪৭৭

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা


২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০৩৬৪৩১/৩০৫৫/ নথি নং-চাঁদপুর ১৫৫ তারিখঃ ৪ .০৩.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ** **অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন কড়ৈতলি কে, এম, আলিম মাদ্রাসার অধ্যক্ষ এবং সভাপতির বিরুদ্ধে মোহাম্মদ বশির কর্তৃক ২,০০,০০০/- টাকা দেওয়া সত্বেও তাকে দাতা সদস্যের তালিকায় অন্তর্ভূক্ত না করা, ৫ম শ্রেণির শিক্ষার্থীর পিতাকে অভিভাবক সদস্য হিসেবে নির্বাচিত করা, নির্বাচনের ধার্যকৃত টাকা আদায় করার পর মাদ্রাসার সাধারণ তহবিলে তা জমা না করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে জনৈক মোঃ সেলিম খানসহ কতিপয় ব্যক্তি অত্র বোর্ডে কাগজপত্রসহ অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩.০৩.১৯

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০৩৬৪৩১/________/ নথি নং-______ তারিখঃ .০৩.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, কড়ৈতলি কে, এম, আলিম মাদ্রাসা, ডাকঘর- কড়ৈতলী, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কড়ৈতলি কে, এম, আলিম মাদ্রাসা, ডাকঘর- কড়ৈতলী, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৬. জনাব মোঃ সেলিম খান, আলিফ খান বাড়ী, কড়ৈতলী, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,

চেয়ারম্যান মহোদয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় ঃ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন কড়ৈতলী কে.এ.আলিম মাদ্রাসায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের (গভর্নিং ও ম্যানেজিং কমীটি) প্রবিধান মালা, ২০০৯ ইং এর প্রবিধান ২ (চ) এর (অ/আ), ৪ (১) এর (ঘ) ১০ (ঘ),১৩ (২), ও ২ (ক) এর (ই) কে ভঙ্গ ও লংগন করে গভর্নিং বডি গঠন করার দায়ে বিধি অনুযায়ী আদেশ দানের প্রার্থনায় আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সু-বিচারের প্রার্থনায় জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে কড়ৈতলী কে.এ আলিম মাদ্রাসার (১৮৪৯৯) গভর্নিং বডি গঠন করে তা অনুমোদনের জন্য মাদ্রাসা বোর্ডে প্রেরন করা হয়েছে। গঠন প্রক্রিয়া কালে মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০০৯ ইং সালের প্রবিধান লংগন/ভঙ্গ করা হয়েছে । যে সকল প্রবিধান লংগন করা হয়েছে। তা নিম্নে তুলে ধরা হলো।

১। প্রবিধান ২ (ছ) এর (অ/আ) অনুযায়ী জনাব মোহাম্মাদ বশির, পিতা-মৃত: মোঃ আব্দুল মান্নান মিয়া, গ্রাম- কড়ৈতলী, উপজেলা- ফরিদগঞ্জ, জেলা- চাঁদপুর নামীয় ব্যক্তি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সংশ্লিষ্ট মাদ্রাসায় যথাসময়ে দান করেছেন। অথচ অধ্যক্ষ দাতা ভোটার তালিকায় তার নাম অন্তর্ভূক্ত করেন নি।

২। প্রবিধান ৪ (১) এর (ঘ) অনুচ্ছেদকে লংগন ও ভঙ্গ করে ৫ম শ্রেণীর ছাত্রী আছমা আক্তার, পিতা- মোঃ মাহবুব আলম দর্জিকে (যার ভোটার নং ৯১) ইবৃতেদায়ী স্তরের প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র প্রদান করে এবং তাকে ইবৃতেদায়ী স্তরের অভিভাবক সদস হিসেবে নির্বাচিত করে।

অথচ-ঘ অনুচ্ছেদে স্পষ্ট বলা আছে যে, ইবৃতেদায়ী স্তরের ১ম- ৪র্থ- শ্রেণীর সকল শিক্ষার্থীদের অভিভাবক গনের মধ্য হতে ১ম-৫ম শ্রেণীর সকল শিক্ষার্থীদের অভিভাবক গনের ভোটে একজন সাধারন অভিভাবক সদস্য নির্বাচিত হইবে। অর্থাৎ ৫ম শ্রেণীর অভিভাবক সদস্য হিসেবে প্রার্থী হওয়ার ও নির্বাচিত হওয়ার কোন সুযোগ নেই।

৩। প্রবিধান ১০ এর (ঘ) লংগন করে একজন অভিভাবককে একাধিক শিক্ষার্থীদের ক্ষেত্রে একক ভোটার হিসেবে গন্য করা হয় নি । অনেকের মধ্য হতে কতিপয় তুলে ধরা হল। যেমন (১) নাদিয়া আক্তার (৪র্থ শ্রেণী), নাজমুল হুদা (১১শ শ্রেণী) উভয় পিতা- মোঃ আঃ ছামাদ তপদার, তাকে ৭২ ও ৪৪৪নং ভোটার করা হয়েছে। (২) তানজিলা আলম (৫ম শ্রেণী), তানহা আলম (৭ম শ্রেণী, রোল নং ৩) উভয় পিতা- শামছুল আলম, তাকে ৮৩ ও ৪২১নং ভোটার হিসেবে অন্তর্ভূক্ত করেছেন। (৩) উম্মেহাবীবা (৭ম শ্রেণী), সালমা আক্তার (১১শ শ্রেণী), উভয় পিতা- মোঃ কামাল উদ্দিন মুন্সি, তাকে ২১৮ ও ৪২২ নং ভোটার হিসেবে অন্তর্ভূক্ত করেছেন।

৪। প্রবিধান ১৩ (১) অনুযায়ী গভর্নিং বডি কর্তৃক মনোনয়ন ফরম ফি বা ভোটার তালিকা সরবরাহ বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, ও ১,০০০/-(এক হাজার) টাকা, করে ধার্য করা হয়। সে সুবাদে প্রায় ৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার) টাকা, তহবিল হয়। কিন্তু ১৩ (২) অনুচ্ছেদ অনুযায়ী ধার্য কৃত টাকা আদায় করার পর মাদ্রাসার সাধারন তহবিলে জমা দেয়া হয় নি।

৫। গভর্নিং বডির সভাপতি নির্বাচিনের ক্ষেত্রে নব্য নির্বাচিত সদস্যদের নিয়ে মতামতের ভিত্তিতে সিদ্ধান্তাকারে রেজুলেশন করতে হয়। অধ্যক্ষ তাহা ও গ্রহন করেন নি।

৬। প্রবিধান ২ (ক) এর (ই)অনুচ্ছেদকে ভঙ্গ করে বিবাহিতা ছাত্রী মিলি আক্তার, পিতা-রহমত উল্যা, মারজান আক্তার, পিতা- মোঃ ওছমান গণি, হালিমা আক্তার পিতা- মোঃ লোকমান হোসেন, সাহিদা আক্তার, পিতা- মোঃ রফিকুল ইসলাম, আরজু আক্তার, পিতা- মোঃ আজিজ, তাহমিনা আক্তার পিতা- মোঃ ছিদ্দিকুর রহমান, মারজানা আক্তার পিতা- আবুল কালাম ব্যক্তিদের কে যথাক্রমে ৪৫১,৪৬৫,৪৬৭,৪৬৮,৪৭২,৮৭ ও ৬৬নং ভোটার করা হয়েছে। অথচ ২(ক) এর (ই) প্রবিধানে স্পষ্ট উল্লেখ রয়েছে কোন নরী শিক্ষার্থী হলে অভিভাবক হবেন তার স্বামী । আর স্বামী-ই অভিভাবক হিসেবে ভোটারের অন্তর্ভূক্ত হইবেন।

উল্লেখ্য যে, উপরোক্ত অভিযোগের ২নং অভিযোগের প্রমান অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজ পত্রের মধ্যেকার ইবৃতেদায়ী স্তরের ভোটার তালিকায় রয়েছে। ৩নং অভিযোগের প্রমান ভোটার তালিকায় রয়েছে। ৫নং অভিযোগের প্রমান অধ্যক্ষ নব্য সদস্যদের মতামত নেন নি সে জন্যে দাখিল করেন নি। আর ১নং, ৪নং ও ৬নং অভিযোগের প্রমানাদি সংযুক্ত রয়েছে

অতএব জনাবের নিকট প্রার্থনা বিবেচনা সাপেক্ষে বিধি মোতাবেক নির্দেশ দানে আপনার সু-মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক

নাম

১। মোঃ সেলিম খান,

২। মোঃ আবুল হাসেম দর্জি (অভিভাবক)

সর্ব সাং কড়ৈতলী, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৩। মোঃ আব্দুর রব (অভিভাবক)

সাং সাহিয়াখালী, ফরিদগঞ্জ, চাঁদপুর।

স্বাক্ষর
০৭/০১/২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নামঃ মোঃ সেলিম খান

Name: Md Salim Khan

পিতা: মোঃ আলিফ খান

মাতা: পেয়ারা বেগম

Date of Birth: 01 Jan 1970

ID NO: 1314571815118

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: আলিফ খান বাড়ী, কড়ৈতলী, ডাকঘর: কড়ৈতলী বাজার - ৩৬৫১, ফরিদগঞ্জ, চাঁদপুর

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

প্রদানের তারিখ: ১৬/০৬/২০০৮